

বাবুফে প্রেসিডেন্টের বিবৃতি- ডিসেম্বর ২০১৭

সাব অ-১৫

প্রথমেই সাব অ-১৫ টুর্নামেন্ট অসাধারণ পারফরম্যান্সের মাধ্যমে শিরোপা জয়ের জন্য আমাদের মেয়েদের অভিনন্দন জানাই। ইতোপূর্বে পাওয়া সাফল্যের ধারা অব্যাহত রেখে বাংলাদেশ অ-১৫ মেয়েরা ফাইনালে ভারতকে ১-০ গোলে পরাজিত করে শিরোপা ঘরে তুলে। প্রতিযোগিতায় কোন গোলই না খাওয়া এই দলটি প্রতিটি দলকে পরাজিত করে নিজেদের শিরোপার একমাত্র দাবিদার হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

খুব আনন্দের সাথে জানাচ্ছি যে আমাদের একাডেমি এবং আবাসিক ট্রেনিং প্রোগ্রাম আয়োজন সার্থকতার মুখ দেখছে এবং আমরা যা আশা করেছিলাম তার বেশ আগেই সুফল পাচ্ছি গত বছরজুড়েই প্রশিক্ষণের মধ্যে থাকা এই খেলোয়াড়রা নিজেদের অভিজ্ঞতা কাজে লাগিয়ে সমসাময়িক প্রতিপক্ষ দলগুলোকে আত্মবিশ্বাসের সাথে মোকাবেলা করছে। প্রমীলা ফুটবলারদের সামগ্রিক মান উন্নয়নের এই প্রক্রিয়া অব্যাহত থাকবে।

প্রথমবারের মতো ইন্সট্রাক্টরস কোর্স

দেশজুড়ে আরো বেশি পরিমাণে দক্ষ কোচ তৈরি করার লক্ষ্যে গেল ডিসেম্বরে প্রথমবারের মতো এএফসি ইন্সট্রাক্টর কোর্সের আয়োজন করে বাবুফে। ফুটবলের সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষিত এবং দক্ষ কোচের বিকল্প নেই। এই লক্ষ্যে কোচ ইন্সট্রাক্টরের সংখ্যাও বাড়াতে হবে যাতে করে তারা কোচদের দক্ষতা বাড়াতে কাজে আসে। এই ইন্সট্রাক্টররা 'সি' সার্টিফিকেট কোচ তৈরিতে কাজে আসবে।

এবারের আয়োজিত ইন্সট্রাক্টরস কোর্সটিতে 'বি' অথবা 'এ' সার্টিফিকেট লাইসেন্স প্রাপ্ত ১৮ জন পুরুষ ও ৪ জন নারী কোচ অংশ নিয়েছেন। ৩৫ ঘন্টার এই প্রশিক্ষণে টিচিং স্ট্র্যাটেজি,

প্রেজেন্টেশন স্কিল, 'সি' সার্টিফিকেট কোর্স কনটেন্টসহ নানা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মাঠ ও মাঠের বাইরে কর্মকান্ড পরিচালনা করা হয়। এ ধরনের কোর্সের মাধ্যমে ফুটবলারদের জন্য পরবর্তীতে কোচ হিসেবে কাজ করারও সুযোগ সৃষ্টি হবে।

ন্যাশনাল রেফারিজ এক্সাম

প্রমোশনের মাধ্যমে ন্যাশনাল রেফারির সংখ্যা বাড়াতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে একটি টেস্টের আয়োজন করে বাফুফে। বাফুফে রেফারিজ কমিটি আয়োজিত এই টেস্টের ফিজিক্যাল ইন্সট্রাক্টরের দায়িত্ব পালন করেছেন কমিটির ডেপুটি চেয়ারম্যান ইব্রাহিম নিসার এবং সুজিত কুমার ব্যনার্জি। দেশের ৭৫ জন রেফারির অংশগ্রহণে এই কার্যক্রমে শারীরিক এবং লিখিত পরীক্ষা নেয়া হয়।।

ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে স্কুল ফুটবল

স্কুলগামী ছেলে-মেয়েদের মধ্যে ফুটবল ছড়িয়ে দিতে ফেব্রুয়ারি থেকে দেশজুড়ে স্কুল ফুটবল চালু করতে যাচ্ছে বাফুফে। দেশের ৫৩ টি জেলা থেকে ৮টি পৃথক জোনে ভাগ হয়ে স্কুল ফুটবলে অংশ নেবে ক্ষুদ্রে ফুটবলাররা। প্রথম রাউন্ডে দুটি গ্রুপ লিগে নিজেদের মধ্যে প্রতিযোগিতার মাধ্যমে ৮ টি জোনাল চ্যাম্পিয়ন টিম পরবর্তী রাউন্ডে উত্তীর্ণ হবে। খেলোয়াড়দের বয়স নির্ধারণের জন্য জন্ম নিবন্ধন সার্টিফিকেট এবং পাবলিক এক্সামসমূহের প্রবেশপত্র গুরুত্বের সঙ্গে যাচাই-বাছাই করবে বাফুফে।

এই প্রোগ্রামে প্রতিটি স্কুলকে সর্বোচ্চ ২০জন ফুটবলার রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে। বাছাইয়ের পর মেধাবী ফুটবলারদের বাফুফের প্লেয়ার ডেভেলপমেন্ট প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা হবে।

এএফসি রেফারি ভিজিট

বিপিএল ম্যাচসমূহ এবং বাফুফের রেফারি স্ট্র্যাটেজিক প্ল্যান পর্যবেক্ষণের জন্য সম্প্রতি এএফস্যার একটি ডেলিগেশন টিম বাংলাদেশ ভ্রমণ করেছে। তিন দিনের এই ভ্রমণে রেফারি কমিটি এবং এর সাথে যুক্ত প্রতিনিধিদের সাথে আলোচনা করে টিমটি।

ফিফা ডেভেলপমেন্ট ভিজিট

সম্প্রতি এই অঞ্চলের ফিফা ডেভেলপমেন্ট ম্যানেজার বাংলাদেশ ভ্রমণ করেছেন। বাফুফের ভবিষ্যত পরিকল্পনা পর্যবেক্ষণ করে ইতিবাচক মন্তব্য করেছেন তিনি। একই সাথে ২০১৮-সালের পরিকল্পনাতেও অংশগ্রহণ করেছেন এই ফিফা কর্মকর্তা।

বাফুফে প্রেসিডেন্টের ভিজিট

পরবর্তী প্রোগ্রাম হাতে নেয়ার আগে ফিফার পক্ষ থেকে সহযোগী দেশগুলোর ফিডব্যাক চাওয়া হয়। এই লক্ষ্যে মেম্বার অ্যাসোসিয়েশনগুলোর সদস্যরা পরবর্তী পদক্ষেপ নিয়ে নিজেদের মধ্যে আলোচনার জন্য দেশের বাইরে মিটিং-এ অংশ নেন। ব্যক্তিগতভাবে আমি মনে করি ফিফা এবং এএফসি-এর সাথে আমাদের ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখা উচিত। ফুটবলের এই শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানগুলো থেকে আমরা নিয়মিতই ইতিবাচক সাড়া পাচ্ছি। ফুটবল উন্নয়নের লক্ষ্যে আমাদের নেয়া স্ট্র্যাটেজিক প্ল্যান এএফসি এবং ফিফার প্রশংসা অর্জন করেছে। তাই এ বছর নতুন নতুন অর্জনের আশাবাদ ব্যক্ত করছি।